

আরবিআই/2013-14/214

ডিবিওডি.নং.এলইজি.বিসি.48/09.07.005/2013-14

সেপ্টেম্বর 03,2013

সমস্ত তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক
(আরআরবি ব্যতীত)

প্রিয় মহাশয়/মহাশয়া,

প্রয়াত আমানতকারীর দাবি নিষ্পত্তি-পদ্ধতির সরলীকরণ-ব্যাঙ্কের ওয়েবসাইটে দাবি-ফর্ম রাখা

অনুগ্রহ করে জুন 09,2005 তারিখের সার্কুলার ডিবিওডি.নং.এলইজি.বিসি.95 /09.07.005/2004-05 দেখুন যার মধ্যে প্রয়াত আমানতকারীর দাবি নিষ্পত্তির জন্য সরলীকৃত পদ্ধতি নির্দিষ্টভাবে বলা হয়েছে। আমরা জনগণের কাছ থেকে এইরকম প্রতিক্রিয়া পাচ্ছি যে সার্কুলারের নির্দেশমতো ব্যাঙ্কগুলি সরলীকৃত পদ্ধতি মানছে না। ব্যাঙ্কগুলিকে সেইজন্য, আরও একবার নির্দেশ দেওয়া হচ্ছে যে আমানতকারীর প্রমাণে সমস্যাহীন দাবি নিষ্পত্তির জন্য উক্ত সার্কুলারে বর্ণিত নির্দেশগুলি অবশ্যই মানতে হবে।

২. অধিকন্তু, আমানতকারীর প্রমাণে সময়মত দাবি নিষ্পত্তির সুবিধা করার জন্য, ব্যাঙ্কগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে প্রয়াত আমানতকারীর একাউন্টের দাবি নিষ্পত্তি করতে, উক্ত ফর্মের জন্য ব্যাঙ্ক/তার শাখায় যিনি আসবেন তাঁকে/তাদেরকেই, দাবি ফর্ম দিতে। দাবি ফর্ম লক্ষণীয়ভাবে ব্যাঙ্কের ওয়েবসাইটেও রাখতে হবে যাতে প্রয়াত আমানতকারীর দাবিদাররা সম্পর্কিত ব্যাঙ্ক/তার শাখায় না এসেও ব্যাঙ্কের কাছে দাবি পূরণের জন্য উক্ত ফর্ম পেতে পারেন এবং ডাউনলোড করতে পারেন।

আপনার বিশ্বস্ত,

(রাজেশ ভার্মা)
মুখ্য মহাপ্রবন্ধক